নিষিদ্ধ আ. লীগের সঙ্গে যোগাযোগ, রাষ্ট্রদ্রোহ মামলায় গ্রেপ্তার এসপি



পুলিশ সুপার মো. জাহাঙ্গীর আলম। ছবি : সংগৃহীত

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতাকর্মীদের সঙ্গে যোগাযোগ, তথ্য আদান-প্রদান এবং সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিসেম্বরে দেশে ফেরার পরিকল্পনা নিয়ে আলোচনার অভিযোগে চট্টগ্রাম রেঞ্জ রিজার্ভ ফোর্সের (আরআরএফ) পুলিশ সুপার মো. জাহাঙ্গীর আলমকে গ্রেপ্তার করা হয়েছে।

শনিবার (১৪ নভেম্বর) গভীর রাতে চট্টগ্রাম নগরীর পাঁচলাইশ এলাকার সিএমপি অফিসার্স মেস থেকে তাঁকে গ্রেপ্তার করে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের (সিএমপি) স্পেশাল রেসপন্স ইউনিট (এসআরইউ) ও পাঁচলাইশ থানা-পুলিশ। এর আগে তাঁর ব্যবহৃত দুটি মুঠোফোন জব্দ করে পুলিশ স্পেশাল ব্রাঞ্চে (এসবি) পাঠানো হয়েছিল।

সিএমপি কমিশনার হাসান মোহাম্মদ শওকত আলী গ্রেপ্তারের তথ্য নিশ্চিত করে জানান, জাহাঙ্গীরের বিরুদ্ধে মামলা করার অনুমতি চেয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আবেদন করা হয়েছিল। শনিবার অনুমোদন পাওয়ার পর আরআরএফের এএসপি আবুল কাশেম পাঁচলাইশ থানায় রাষ্ট্রদ্রোহের মামলা করেন। পরে ওই মামলায় তাঁকে গ্রেপ্তার করা হয়।

গত মঙ্গলবার (১০ নভেম্বর) চট্টগ্রাম রেঞ্জের ডিআইজি মো. আবদুল কুদ্দুস চৌধুরী নিজ কার্যালয়ে জাহাঙ্গীর আলমকে জিজ্ঞাসাবাদ করেন। প্রাথমিকভাবে তাঁর সংশ্লিষ্টতার প্রমাণ পাওয়ার পর পরবর্তী ব্যবস্থা নেওয়া হয়। ওই সময়ই তাঁর দুটি মুঠোফোন জব্দ করে এসবির কাছে পাঠানো হয়েছিল।

ঘটনাটি তদন্তে একটি কমিটি গঠন করেছেন ডিআইজি আবদুল কুদ্দুস চৌধুরী। পাশাপাশি বিভাগীয় তদন্ত করছেন চট্টগ্রাম রেঞ্জের অতিরিক্ত ডিআইজি (অপারেশনস) সাফিজুল ইসলাম। রাষ্ট্রদ্রোহের মামলাটি তদন্ত করবে পুলিশের বিশেষায়িত ইউনিট এসআরইউ।

জাহাঙ্গীর আলম ২৮তম বিসিএস পুলিশ ক্যাডারের কর্মকর্তা। তিনি ২০১০ সালের ১ ডিসেম্বর পুলিশ বাহিনীতে যোগ দেন।